

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

কুমিল্লা শাখা, কুমিল্লা ।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিল্লা শাখা, ১২৫/১১৭, ছাতিপট্টি, রাজগঞ্জ, ডাকঘর-কুমিল্লা, থানা- কোতয়ালী, জেলা-কুমিল্লা এর ঋণগ্রহীতা মেসার্স শাহী ফার্নিচার মার্ট এন্ড টিম্বার ট্রেডার্স, ঠিকানাঃ গ/৮, পুলিশ সুপার মার্কেট, ষ্টেডিয়াম, ডাকঘর: কুমিল্লা, থানা-কোতয়ালী, জেলা-কুমিল্লা, প্রোপ্রাইটর জনাব জাবেদ হায়দার, পিতা- মোঃ মালেক হায়দার, ঠিকানা-৬১০/ক, দক্ষিণ চর্খা, বড়পুকুরপাড়, ডাকঘর: কুমিল্লা, থানা- কোতয়ালী, জেলা-কুমিল্লা কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে । ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৭.০৭.২০১৫ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১০,৯২,১২৩.৭৩ (দশ লক্ষ বিরানব্বই হাজার একশত তেইস টাকা তিয়াত্তর পয়সা) টাকা সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি সমূহ নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাজ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে ।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা- কুমিল্লা, থানা- কোতয়ালী, জেএল নং- সাবেক ২৩৯ , হাল ১৫৫, মৌজা- মুরাদপুর, আর.এস. খতিয়ান নং-২৪৭, নামজারী খতিয়ান নং-৩০৪৮, বি.এস. খতিয়ান নং-২৫৫৫ ডিপি-৬০৬, আর.এস.দাগ নং-১০২৭, বি.এস. দাগ নং-২৫৬৫, মোট জমির পরিমাণ-৩ শতাংশ ।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ০৭.০৯.২০১৫ ইং তারিখে বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিল্লা শাখা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐদিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিল্লা শাখা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে ।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে । প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন ।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন ।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন । তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন: রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে ।
- (৬) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন ।
- (৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন ।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিল্লা শাখা

কুমিল্লা শাখা, কুমিল্লা